DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 05:20 AM

জাতীয়

# সব পক্ষের মতামত নিয়েই সংবিধান সংশোধন: স্বরাষ্ট্রমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ০৫ আগস্ট ২০২৬, ১০:৩৮ AM



ছবি সংগৃহীত

সংবিধান সংশোধনের ক্ষেত্রে সব রাজনৈতিক দল ও অংশীজনের মতামতকে গুরুত্ব দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী এবং জাতীয় সংসদের সংবিধান সংশোধনবিষয়ক বিশেষ কমিটির সভাপতি সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, সরকার এমন একটি গ্রহণযোগ্য সংশোধনী আনতে চায়, যা জনগণের প্রত্যাশার প্রতিফলন ঘটাবে।

মঙ্গলবার (৪ আগস্ট) সংবিধান সংশোধনের লক্ষ্যে গঠিত জাতীয় সংসদের বিশেষ কমিটির প্রথম বৈঠকের বিরতিতে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, সংবিধানে আমরা গ্রহণযোগ্য একটি সংশোধনী আনতে চাই। জনপ্রত্যাশা আমরা ধারণ করতে চাই। সবার সঙ্গে আলাপ-আলোচনা করে আমরা সেই প্রতিবেদন প্রণয়ন করতে চাই।

তিনি জানান, বিরোধী দলের পক্ষ থেকে বিশেষ কমিটিতে যে পাঁচজন প্রতিনিধির নাম দেওয়ার কথা ছিল, তা এখনো পাওয়া যায়নি। তবে তারা পরে প্রতিনিধি মনোনয়ন দেবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তারা নাম দিলে তাদের সঙ্গেও আমরা আলোচনা করব। আর নাম না দিলেও বিরোধী দলে যারা আছেন, তাদের সবার পরামর্শ গ্রহণ করা হবে। তারা যদি বৈঠকে এসে মতামত দেন, ভালো। বৈঠকের বাইরে লিখিতভাবে পরামর্শ দিলেও তা বিবেচনায় নেওয়া হবে।

বিরোধী দলকে কমিটির কার্যক্রমে অংশ নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, আমরা সবসময় বিরোধী দলকে স্বাগত জানাব।

বিশেষ কমিটির কাজ নিয়ে কোনো চ্যালেঞ্জ দেখছেন কি নাএমন প্রশ্নের জবাবে সালাহউদ্দিন আহমদ বলেন, কমিটির সামনে চ্যালেঞ্জ নেই, প্রত্যাশা আছে। আমরা সবার সঙ্গে আলোচনা করতে চাই। এটিকে আমরা চ্যালেঞ্জ বলতে চাই না। আমরা উদার ও উন্মুক্ত। সবার কথা শুনব।

তিনি আরও বলেন, এত বড় একটি ছাত্র গণঅভ্যুত্থান সংগঠিত হয়েছে। জাতির অনেক প্রত্যাশা রয়েছে, শহীদদেরও আকাঙ্ক্ষা ছিল। সেই প্রত্যাশা ও আকাঙ্ক্ষার আলোকে আমাদের বাংলাদেশ বিনির্মাণ করতে হবে।

---

## এ বিভাগের আরও খবর



**প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান**
প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...



**প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ**
প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...



### ৭ জেলায় ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা

দুপুরের মধ্যে দেশের ৭ জেলার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ ছাড়া সংশ্লিষ্ট এলাকার নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্কসংকেত দেখ...

---




### রাষ্ট্রপতি নির্বাচন: মনোনয়নপত্র বাছাই আজ

রাষ্ট্রপতি নির্বাচনে মনোনয়নপত্র বাছাই হবে আজ রবিবার (১৬ আগস্ট)। নির্বাচন ভবনে নির্বাচনী কর্তা (প্রধান নির্বাচন কমিশনার) সকাল ১০টা থেকে মনোনয়...

---

Copyright Dhaka Probe